দাওয়াহ্, ইরশাদ, ওয়াকফ ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গবেষণা ও প্রকাশনা বিষয়ক উপ- মন্ত্রণালয়
সৌদি আরব

# মীকাতে পৌঁছার সময় হজ্জ পালনকারীর আদবসমূহ

সংকলন

আব্দুর রাযযাক বিন আব্দুল মুহসিন আল বদর

অনুবাদ

কিং আব্দুল্লাহ অনুবাদ ও আরবিকরণ ইনস্টিটিউট

(آداب الحاج عند الوصول إلى الميقات باللغة البنغالية)

بِسۡمِ ٱللَّهِ ٱلرَّحۡمَٰنِ ٱلرَّحِيمِ

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে শুরু করছি। সমস্ত প্রশংসা আল্লাহর জন্য যিনি বিশ্বজগতের প্রতিপালক। সালাত ও সালাম সর্বশ্রেষ্ঠ রাসূল আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম,তাঁর পরিবার- পরিজন এবং সাহাবাগণের উপর। অতঃপর...ভাই হাজী সাহেব,আমি আপনাকে স্বাগত জানাচ্ছি, কেননা আল্লাহ্ আপনাকে সম্মান দান করেছেন,ফলে আল্লাহর মহান আনুগত্যে এ গুরুত্বপূর্ণ ইবাদত হজ্জ করার জন্যে পবিত্র বাইতুল্লাহ্তে আপনার আসা সহজসাধ্য করেছেন।
জেনে রাখুন, আপনি এখন মীকাত পর্যন্ত পৌঁছেছেন, এটি বাইতুল্লাহ্র দিকে পথ চলার প্রথম সূচনা, আর গৌরবময় ও মর্যাদাবান সফরের শুরু ।

আমরা আল্লাহ্‌র কাছে দোয়া করি আল্লাহ্‌ যেন আপনার এই সফরকে সহজ করেন, আপনার আনুগত্যকে কবুল করেন এবং আপনাকে সরল পথের দিশা দেন।

ভাই হাজী সাহেব, এ উপলক্ষে আমি আপনার জন্য কিছু গুরুত্বপূর্ণ উপদেশ পেশ করছি, আপনি মীকাতে থাকাকালীন সময়ে নিম্নের বিষয়গুলো স্মরণ রাখা আপনার জন্য উত্তমঃ

১. ভাই হাজী সাহেব, আপনার কর্তব্য আল্লাহ্‌র কাছে সকল গুনাহ ও ভুল ভ্রান্তি থেকে তাওবার মাধ্যমে আপনার হজ্জ শুরু করা ।

২. আপনার হজ্জ ও ওমরার উদ্দেশ্য থাকবে আল্লাহ্‌র সন্তুষ্টি,তাঁর নৈকট্য ও আখেরাতের সূখময় জীবন অর্জনে সচেষ্ট হওয়া। এবং

এমন সব নেক আমল করা ও কথাবার্তা বলা যা আল্লাহ্‌কে খুশি রাখবে ।

৩. ভাই হাজী সাহেব, জেনে রাখুন, আল্লাহ্ হজ্জ এবং ওমরাতে শরিয়তের যে বিধান দিয়েছেন তা এজন্যে,যাতে করে আপনার আ'মলসমূহ সঠিকভাবে ও দেখে-শুনে করতে পারেন এবং যাতে এমন কোন ঘটনা না ঘটে যার ফলে আপনার হজ্জে ত্রুটি ঘটবে অথবা তার সাওয়াব কমে যাবে ।

৪. অধিক পরিমাণে যিকির, দোয়া ও কোর'আন তেলাওয়াত করুন এবং উপকারী বই পড়ুন বা ক্যাসেট শুনুন।

৫. ভাই হাজী সাহেব, ইহরামের পূর্বে আপনার জন্য মুস্তাহাব হচ্ছে গোসল করা, সুগন্ধি ব্যবহার করা, মোচ খাটো করা, নখ

কাটা, বগল ও নাভীর নিচের পশম কাটা কিন্তু, দাড়ি মুন্ডন (শেভ) করা হারাম।

৬. পুরুষের জন্য পরিচ্ছন্ন দুটি সাদা চাদরে (১টি পরনে ও ১টি গায়ে) ইহরাম করা মুস্তাহাব, আর মহিলাদের বেলায় যেকোনো পোশাক দিয়ে ইহরাম করতে পারবে তবে নারীদের সৌন্দর্য প্রকাশ পায় এমন পোশাক পরিহার করতে হবে ।

৭ . ইজতেবার (ইহরাম অবস্থায় ডান কাঁধ খোলা রাখা) সুন্নাত তরিকা হচ্ছে শুধু বাইতুল্লাহ তাওয়াফ কালীন সময়ে তা করা। তা ছাড়া অবশ্যই আপনি ইহরাম অবস্থায় পূর্ণ সময় কাঁধ ঢেকে রাখবেন ।

৮. ইহরাম অবস্থায় ঘড়ি,আংটি,চশমা,বেল্ট, মানিব্যাগ, জুতা (স্যান্ডেল) ব্যবহার জায়েয

যদিও তা সেলাই করা হয়ে থাকে, আর রোদের জন্যে ছাতা ব্যবহারে সমস্যা নেই ।

৯. ইহরামকারী পুরুষের জন্যে পাজামা, গেঞ্জি, পাঞ্জাবী, টুপী, পাগড়ি ও শার্ট ব্যবহার নাজায়েয।

১০. ইহরাম অবস্থায় মহিলাদের নেকাব ও হাত মোজা ব্যবহার নাজায়েয,তবে ইহরাম অবস্থায় অথবা অন্যান্য অবস্থায় অপরিচিত পুরুষের সামনে চেহারা ঢেকে রাখবেন ।

১১. ইহরাম করা হয়ে গেলে চুল কাটা,নখ কাটা বা সুগন্ধি ব্যবহার করা নাজায়েয।

১২. যে ব্যক্তি হজ্জ ও ওমরার উদ্দেশ্যে মক্কাতে প্রবেশ করতে চান , ইহরাম ছাড়া মীকাত অতিক্রম করতে পারবেন না।

১৩. শরীয়তে হজ্জের প্রকারভেদ হচ্ছে তিনটিঃ তামাত্তু, কিরান ও ইফরাদ,এর মধ্যে সর্বোত্তম হচ্ছে তামাত্তু হজ্জ ।

- যখন তামাত্তু  হজ্জের জন্যে ইহরাম বাঁধবেন তখন শুধু ওমরার নিয়ত করে বলবেনঃ "হে আল্লাহ্ আমি ওমরার জন্যে হাজির"।

- যখন কিরান  হজ্জের জন্যে ইহরাম বাঁধবেন তখন একত্রে হজ্জ ও ওমরার নিয়ত করে বলবেনঃ "হে আল্লাহ্ আমি হজ্জ ও ওমরার জন্যে হাজির"।

- আর যখন ইফরাদ  হজ্জের জন্যে ইহরাম বাঁধবেন তখন শুধু হজ্জের নিয়ত করে বলবেনঃ"হে আল্লাহ্ আমি হজ্জের জন্যে হাজির"।

১৪. যে ব্যক্তি  হজ্জ ও ওমরার ইহরাম বেঁধেছেন, অথচ তিনি  অসুস্থতা বা অন্য কোন কারণে হজ্জ ও ওমরা সম্পাদনে প্রতিবন্ধকতা তৈরি হতে পারে এমন আশঙ্কা করেন, তাঁর জন্যে শরীয়তের বিধান হচ্ছে,

নিয়ত করার পর শর্ত করে বলবেনঃ “যদি কোন প্রতিবন্ধকতার কারণে বাধাগ্রস্থ হই তাহলে আমি সেখানেই স্থগিত করবো” এটা বলার মাধ্যমে উপকার হলো, প্রতিবন্ধকতা পাওয়া গেলে ঐ অবস্থায় ইহরাম ভঙ্গ করা যাবে এবং তার উপর কোন কিছু প্রযোজ্য হবে না ।

১৫. ভাই হাজী সাহেব, যে বিষয় সমূহ থেকে আল্লাহ নিষেধ করেছেন, যেমন স্ত্রী সহবাস, অশ্লীলতা, পাপাচার, ঝগড়া ও অবাধ্যতা এগুলো থেকে বিরত থাকুন, এবং কথা বা কাজের মাধ্যমে মুসলমানকে কষ্ট দেয়া থেকে সতর্ক থাকুন।

১৬. আপনি যদি ধুমপায়ী হয়ে থাকেন তাহলে তা একেবারে ত্যাগ করার জন্য এ সময়টি হলো আপনার মোক্ষম সুযোগ । মূলত, এ অভ্যাস গোনাহ ছাড়া আপনার

কোন লাভই হচ্ছে না,বরং এতে আপনার সম্পদ বিনষ্ট,আপনার শারীরিক ক্ষতি এবং সেই সাথে অন্য মুসলমান ভাইকে কষ্ট দেয়া হচ্ছে।

১৭.এ স্থানে স্মৃতিমূলক ছবি তোলাসহ অপ্রয়োজনীয় অন্যমনস্কতা থেকে সতর্কতা অবলম্বন করুন। মনে রাখবেন, সহীহ হাদীসে বর্ণিত যে, নবী কারীম সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম এ স্থানটিতে দোয়াকালে বলেছেনঃ "হে আল্লাহ্! হজ্জ হিসেবে গ্রহণ করুন, এর মধ্যে লোক দেখানো হিসেবে নয় বা শোনানো নয়"।

১৮. ভাই হাজী সাহেব, মক্কার পথে আপনি অধিক তালবিয়া পাঠ করুনঃ "লাব্বাইকা আল্লাহুম্মা লাব্বাইক, লাব্বাইকা লা শারিকা লাকা লাব্বাইক,ইন্নাল হামদা ওয়ান নি'মাতা লাকা ওয়াল মুলক লা শারিকা লাক" (আমি

হাজির, হে আল্লাহ্! আমি হাজির,আমি হাজির,আপনার কোন শরীক নেই, আমি হাজির, নিশ্চয়ই সমস্ত প্রশংসা ও নিয়ামত আপনারই, আর সকল বাদশাহী আপনার, আপনার কোন শরীক নেই)

১৯. তালবিয়া পাঠ করার ক্ষেত্রে সুন্নাত হচ্ছে প্রত্যেক হাজী সে নিজে নিজে তালবিয়া পাঠ করবে, আর একত্রে তালবিয়া পাঠ করা নবী কারীম সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম - এর তরিকা নয়।

২০. ভাই হাজী সাহেব, বিশেষ ভাবে লক্ষ্য করবেন যে মীকাতে হাজীদের দিকনির্দেশনার জন্য নির্ধারিত স্থান রয়েছে, যেখান থেকে হাজীদের দিকনির্দেশনা দেয়া হয়ে থাকে এবং হজ্জ সংশ্লিষ্ট তথ্যাদি ও প্রশ্নোত্তর সম্বলিত বইপত্র বণ্টন করা হয়ে থাকে ।

আল্লাহ আপনাদেরকে এবং আমাদেরকে তাওফিক দান করুন ও কবুল করুন! আপনাদের এবং আমাদের অন্তরে হেদায়েত ও সঠিক পথের অনুপ্রেরণা দান করুন । পরিশেষে, আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম, তাঁর পরিবার পরিজন এবং তাঁর সাহাবাগণের উপর আল্লাহ্ রহমত ও শান্তি বর্ষণ করুন ।

প্রকাশকঃ

গবেষণা ও প্রকাশনা বিষয়ক উপ- মন্ত্রণালয়
দাওয়াহ, ইরশাদ, ওয়াকফ ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সৌদি আরব
পোষ্ট বক্স- ৬১৮৪৩,
পোষ্ট কোড- ১১৫৭৫
রিয়াদ
ফোনঃ ০০৯৬৬১১৪৭৩৬৯৯৯
ফ্যাক্সঃ ০০৯৬৬১১৪৭৩৭৯৯৯
ই- মেইলঃ info@islam.org.sa